

## জয়িতা ফাউন্ডেশন

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়  
কনকর্ড রয়্যাল কোর্ট ভবন (৬ষ্ঠ তলা) ২৭৫/জি  
রোড নং-২৭ (পুরাতন) ধানমন্ডি আ/এ, ঢাকা-১২০৯




স্মারক- জঃ ফাঃ/ জঃ খাঃ ব্যঃ শক্তিঃ/ উৎসব অনুষ্ঠান/২৫/২০১৯- ২০৪

তারিখঃ ২২-০২-২০২১

বিষয়ঃ জয়িতার নারী উদ্যোক্তাদের নিয়ে “জয়িতা পিঠা উৎসব ২০২১” এর উদ্বোধনী অনুষ্ঠানে অংশগ্রহণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জয়িতা-র খাদ্যজাত ব্যবসা শক্তিশালীকরণ কর্মসূচির উদ্যোগে জয়িতা ফুড কোর্ট (রাপা প্লাজা) এবং জাতীয় সংসদে অবস্থিত ক্যাফে জয়িতা-র নারী উদ্যোক্তাদের উৎপাদিত খাদ্যপণ্য ও পিঠাপুলি নিয়ে আগামী ২৫/০২/২০২১ তারিখ হতে ২৭/০২/২০২১ তারিখ পর্যন্ত ৩ (তিন) দিনব্যাপী ধানমন্ডিস্থ জয়িতা টাওয়ার নির্মাণের জন্য নির্ধারিত স্থানে (বাড়ি নং ৪০৫/বি, রোড নং-২৭) পিঠা উৎসবের আয়োজন করা হয়েছে। আগামী ২৫/০২/২০২১ তারিখ বিকাল ৩.০০ টায় উক্ত পিঠা উৎসব এর উদ্বোধনী অনুষ্ঠান অনুষ্ঠিত হবে।

২। “পিঠা উৎসব ২০২১” এর উদ্বোধনী অনুষ্ঠানে মাননীয় সংসদ সদস্য (৩১৮ মহিলা আসন-১৮) ও ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি বিষয়ক মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটি, বাংলাদেশ জাতীয় সংসদ এর সদস্য জনাব জাকিয়া পারভীন খানম প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকার সদয় সম্মতি জ্ঞাপন করেছেন। উক্ত অনুষ্ঠানে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব জনাব ফরিদা পারভীন, জয়িতা ফাউন্ডেশনের সক্ষমতা বিনির্মাণ প্রকল্পের প্রকল্প পরিচালক জনাব আব্দুর রউফ (অতিরিক্ত সচিব) এবং জয়িতা টাওয়ার নির্মাণ প্রকল্পের প্রকল্প পরিচালক জনাব শহিদুল ইসলাম (যুগ্ম সচিব) বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন। উক্ত উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করবেন জয়িতা ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক জনাব আফরোজা খান।

  
২২/০২/২০২১  
মোঃ রুকনুজ্জামান  
কর্মসূচি পরিচালক

জয়িতার খাদ্যজাত ব্যবসা শক্তিশালীকরণ কর্মসূচি

অবগতি ও কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মাননীয় সংসদ সদস্য (৩১৮ মহিলা আসন-১৮) ও সদস্য, ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি বিষয়ক মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটি, বাংলাদেশ জাতীয় সংসদ।
২. ব্যবস্থাপনা পরিচালক, জয়িতা ফাউন্ডেশন।
৩. অতিরিক্ত সচিব (প্রশাসন উইং), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়।
৪. প্রকল্প পরিচালক, জয়িতা ফাউন্ডেশনের সক্ষমতা বিনির্মাণ প্রকল্প।
৫. প্রকল্প পরিচালক, জয়িতা টাওয়ার নির্মাণ প্রকল্প।
৬. একান্ত সচিব টু মাননীয় প্রতিমন্ত্রী, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়।
৭. পরিচালক, জয়িতা ফাউন্ডেশন।
৮. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়।
৯. সহকারী ব্যবস্থাপক/ সংযুক্ত উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা (সকল), জয়িতা ফাউন্ডেশন।
১০. কমন সার্ভিসেস অফিসার (সকল), জয়িতা ফাউন্ডেশন।
১১. জয়িতা-র সকল উদ্যোক্তা (রাপা প্লাজা ৪র্থ, ৫ম তলা ও ক্যাফে জয়িতা)।
১২. অফিস কপি।
১৩. ওয়েবসাইট।